

প্রথম আলো

বৃহস্পতিবার, ১০ মে ২০০১, ২৭ বৈশাখ ১৪০৮

গ্রামীণ মিউচুয়াল ফান্ডের আনুষ্ঠানিক আত্মপ্রকাশ

নিজস্ব প্রতিবেদক

দেশের বেসরকারি খাতে দ্বিতীয় মিউচুয়াল ফান্ড গ্রামীণ মিউচুয়াল ফান্ড আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করেছে। গ্রামীণ ব্যাংকের উদ্যোগে এই মিউচুয়াল ফান্ড আগামী পাঁচ থেকে ছয় মাসের মধ্যে পুঁজি বাজারে চলে আসবে।

গতকাল বুধবার রাজধানীর সোনারগাঁও হোটেলে এ উপলক্ষে এক অনাড়ম্বর অনুষ্ঠানের আয়োজন করা হয়। গ্রামীণ মিউচুয়াল ফান্ডের এসেট ম্যানেজমেন্ট কোম্পানি এসেট অ্যান্ড ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট সার্ভিসেস (এইমস) অফ বাংলাদেশের চেয়ারম্যান মঞ্জুরুল হক অনুষ্ঠান পরিচালনা করেন।

অনুষ্ঠানে গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান ও বিশিষ্ট অর্থনীতিবিদ প্রফেসর রেহমান সোবহান বলেন, দরিদ্র জনসাধারণের সামান্যতম সম্পদ সঞ্চালনের জন্য এটি

একটি দৃষ্টান্তমূলক ও সাহসী উদ্যোগ। এটি শুধু বাংলাদেশেই নয়, বাংলাদেশের বাইরেও ছড়িয়ে পড়বে বলে তিনি মত প্রকাশ করেন।

গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ড. মুহাম্মদ ইউনুস বলেন, মূলত গ্রামীণ পরিবারের সদস্য দরিদ্র লোকজন বিশেষত দরিদ্র মহিলাদের ছোট ছোট সঞ্চয়গুলো একত্র করে এভাবে পুঁজি বাজারে নিয়ে আসার ফলে এই বিপুল দরিদ্র জনসাধারণও বিরাট একটা উদ্যোগের সঙ্গে সম্পৃক্ত হতে যাচ্ছে। এই ফান্ডে তারা খুব সহজে স্বল্প পরিমাণ অর্থ বিনিয়োগ করতে পারবে যা বৃদ্ধ বয়সে তাদের জন্য একটা পেনশন স্কিমেরও কাজ করবে। ড.



গ্রামীণ মিউচুয়াল ফান্ড উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ড. মুহাম্মদ ইউনুস। পাশে প্রফেসর রেহমান সোবহান —প্রথম আলো

ইউনুস বলেন, দরিদ্রদের কোনোখানে অর্থ বিনিয়োগের সুযোগ নেই। এই ফান্ডের মাধ্যমে তারা সে সুযোগ পাবে।

এইমসের এমডি ও প্রধান নির্বাহী ইয়াওয়ার সাঈদ ফান্ডের বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি জানান, এই মিউচুয়াল ফান্ডে বার্ষিক ন্যূনতম ১০% রিটার্ন বা লভ্যাংশ নিশ্চিত করা হবে। তবে কোনো বছর এর চেয়ে বেশি হারে মুনাফা হলে সেই বর্ধিত হারেই লভ্যাংশ দেওয়া হবে। দীর্ঘমেয়াদি ফিক্সড ইন্টারেস্ট সিকিউরিটিজ বিনিয়োগের মাধ্যমে এটি নিশ্চিত করা সম্ভব হবে বলে তিনি জানান। ইয়াওয়ার সাঈদ জানান, ফান্ডটির আয়তন হবে ১২ থেকে ১৫ কোটি টাকা।

ফান্ডের একটি অংশ অগ্রাধিকারমূলকভাবে গ্রামীণের সদস্যরা পাবেন। আরেকটি অংশ আইপিওর মাধ্যমে ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের জন্য ছাড়া হবে। কিছু অংশ প্রাইভেট প্রেসমেন্টেও দেওয়া হবে। প্রথম গ্রামীণ মিউচুয়াল ফান্ড সফল হলে ক্রমান্বয়ে গ্রামীণের আরো ফান্ড বাজারে আনা হবে। তিনি আরো জানান, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক কাস্টডিয়ান সার্ভিস প্রদানকারী হিসেবে কাজ করছে।

অনুষ্ঠানে গ্রামীণ ফান্ডের এমডি এ এ কোরেশী ট্রাস্টি কমিটির সদস্যদের সঙ্গে পরিচয় করিয়ে দেন। এরা হলেন এম হাফিজউদ্দিন খান, গিয়াসউদ্দিন আহমেদ এবং কাজী সুলতান আহমেদ।